



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/11/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো 2021 সালের উওমেন্স এজেন্ডার অংশ হিসেবে সমকামী দম্পতিদের প্রতি উর্বরতার কভারেজের প্রবেশাধিকার বাড়াতে নতুন পদক্ষেপ নেওয়ার কথা ঘোষণা করেছেন

বীমাকারীদের অবিলম্বে সমকামী দম্পতিদের জন্য ফাটিলিটি সার্ভিস কভার করতে হবে

প্রস্তুত নারী এবং LGBTQ নিউ ইয়র্কবাসীদের অধিকার রক্ষায় নিউ ইয়র্কের জাতির নেতৃস্থানীয় পদক্ষেপের উপর ভিত্তি করে গড়ে উঠেছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ডিপার্টমেন্ট অফ ফিন্যান্সিয়াল সার্ভিসেসকে (Department of Financial Services) নির্দেশ দিয়েছেন যাতে বীমাকারীরা অবিলম্বে সেই সকল সমকামী দম্পতিদের জন্য ফাটিলিটি সার্ভিস কভার করা শুরু করে যারা একটি পরিবার শুরু করতে চান। যদিও বর্তমান বীমা আইনে বীমাকারীদের বন্ধ্যত্ব সেবা কভার করতে হয়, সমকামী দম্পতিদের কখনও কখনও উর্বরতা চিকিত্সার জন্য 6 বা 12 মাসের খরচ নিজের পকেট থেকে দিতে হয় যেমন পরীক্ষা করানো এবং থেরাপিউটিক ডোনার ইনসেমিনেশন পদ্ধতির জন্য, কভারেজের যোগ্যতা অর্জনের আগে। গভর্নর কুওমোর নির্দেশে ডিপার্টমেন্ট অফ ফিন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services) বীমাকারীকে নির্দেশ দেবে সমকামী দম্পতিদের জন্য উর্বরতা পরিষেবার জন্য অবিলম্বে কভারেজ প্রদান করতে যাতে তারা পিছিয়ে থাকার সময় এবং অতিরিক্ত খরচ দূর করতে পারেন। প্রস্তুত নারী গভর্নরের 2021 সালের স্টেট অফ স্টেট এ মহিলাদের এজেন্ডার একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে প্রবর্তন করা হয় এবং নারী এবং লেসবিয়ান গে বাইসেক্সুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ার (LGBTQ) নিউ ইয়র্কবাসী, উভয়ের অধিকার রক্ষায় জাতির নেতৃস্থানীয় বেশ কিছু পদক্ষেপের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে বীমা পরিকল্পনার দ্বারা ইন-ভিট্রো ফাটিলাইজেশন সার্ভিসের প্রয়োজনীয় কভারেজ, বড় দলগত কভারেজের মাধ্যমে, ম্যারেজ ইকুয়ালিটি অ্যাক্ট (Marriage Equality Act,), জেন্ডার এক্সপ্রেশন নন ডিসক্রিমিনেশন অ্যাক্ট (Gender Expression Non Discrimination Act, GENDA) প্রণয়ন করা, জেস্টেশনাল সারোগেসিকে বৈধতা দেওয়া, কনভার্সন থেরাপি এবং গে এবং ট্রান্স প্যানিক ডিফেন্স নিষিদ্ধ করা এবং সব চেয়ে সম্প্রতি 'ওয়াকিং হোয়াইল ট্রান্স' নিষেধাজ্ঞা বাতিল করা।

"অনেক দিন ধরে সমকামী দম্পতিদের তাৎক্ষণিক বন্ধ্যত্বের সুবিধার জন্য কভারেজ থেকে বঞ্চিত করা হয়েছে, যার ফলে তারা উচ্চ মূল্য দিতে বাধ্য হচ্ছে - যা প্রায়ই নিষিদ্ধ পর্যায়ের পকেট থেকে দেওয়া খরচ, শুধু একটি পরিবার শুরু করতে," **গভর্নর কুওমো বলেন।** "কোন নিউ ইয়র্কবাসীকে

পিতামাতা হওয়ার সুযোগ থেকে বঞ্চিত করা উচিত নয়, অথবা তাদের যৌন অভিমুখিতার কারণে একটি শিশুর লালন পালনের আনন্দ থেকেও নয়, এবং এই পরিবর্তন প্রতিফলিত করে যা নিউ ইয়র্কবাসী হিসেবে আমরা যা সত্য বলে জানি: ভালোবাসাই একটি পরিবার তৈরি করে, অন্তর্ভুক্তি আমাদের শক্তি এবং আইন সকল নিউ ইয়র্কবাসীদের জন্য কাজ করা উচিত।"

গভর্নরের সচিব এবং কাউন্সিল অন উইমেন এন্ড গার্লস (Council on Women and Girls) এর সভাপতি মেলিসা ডিরোজা বলেছেন, "নিউ ইয়র্ক সকল নিউ ইয়র্কবাসীদের অধিকার রক্ষায় জাতিকে নেতৃত্ব দিচ্ছে এবং নিরাপদ এবং সাশ্রয়ী মূল্যের উর্বরতা চিকিৎসায় প্রবেশাধিকার সম্প্রসারণের মাধ্যমে একটি পরিবার শুরু করা সহজ করে তুলছে। পরিবার পরিকল্পনা একটি গভীরভাবে ব্যক্তিগত এবং মানসিক যাত্রা এবং এটি আমলাতন্ত্র দ্বারা আরও কঠিন করে তোলা উচিত নয়। এই নতুন পদক্ষেপগুলি নারী এবং LGBTQ সম্প্রদায়ের জন্য একটি বড় জয়কে চিহ্নিত করে, এবং আমরা পরিবার পরিকল্পনার প্রতিবন্ধকতাগুলি ভেঙ্গে ফেলতে থাকব যতক্ষণ না প্রত্যেক নিউ ইয়র্কবাসী তাদের নিজস্ব একটি পরিবার শুরু করার জন্য প্রয়োজনীয় সুরক্ষা এবং পরিষেবা পেতে পারে।"

গভর্নর সমতা সম্প্রসারণের জন্য একজন দৃঢ় প্রবক্তা হয়েছেন। তার নেতৃত্বে, নিউ ইয়র্ক LGBTQ নিউ ইয়র্কবাসীদের অধিকার সুরক্ষিত রাখতে এক জাতীয় নেতা হয়ে থেকেছে, 2011 সালে ম্যারেজ ইকুয়ালিটি অ্যাক্ট থেকে 2019 সালে জেন্ডার এক্সপ্রেশন নন-ডিস্ক্রিমিনেশন অ্যাক্ট প্রণয়ন করা অবধি। গত বছরেই গভর্নর কুওমো জেস্টেশনাল সারোগেসিকে বৈধতা দানের আইনে স্বাক্ষর করেন, যা LGBTQ দম্পতিদের এবং বন্ধ্যাত্বের সাথে সংগ্রামকারী দম্পতিদের তাদের পরিবার গড়ে তুলতে সাহায্য করবে। গভর্নর এছাড়াও কনভারশন থেরাপি নিষিদ্ধ করেন এবং গে এবং ট্রান্স প্যানিক ডিফেন্স নিষেধাজ্ঞা বাতিল করেন। এ বছর গভর্নর কুওমো 'ওয়াকিং হোয়াইল ট্রান্স' নীতি বাতিল করেছেন, যা অন্যায়ভাবে ট্রান্সজেন্ডার এবং সিসজেন্ডার কৃষ্ণাঙ্গ নারীদের অন্যায়ভাবে তার লক্ষ্যকরেছিল।

গভর্নর স্বাস্থ্য পরিষেবা সরবরাহ এবং স্বাস্থ্য বীমা কভারেজে প্রবেশাধিকারের ক্ষেত্রে বৈষম্য নিষিদ্ধ করার জন্যও কাজ করেছেন। 2019 সালে গভর্নর ট্রান্সজেন্ডার এবং লিঙ্গ অ-অনুসারী নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য বীমা কভারেজে প্রবেশাধিকার রক্ষায় নতুন আইন প্রণয়ন করতে আর্থিক পরিষেবা বিভাগকে নির্দেশ দেন এবং বীমাকারীদের উর্বরতা চিকিৎসার ক্ষেত্রে কভারেজের বিধানে বৈষম্যমূলক ব্যবহার নিষিদ্ধ করতে নতুন আইনে স্বাক্ষর করেন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)